

বাংলাদেশ টেলিভিশনে ২০২০-২০২১ অর্থ বছরে  
গৃহীত উদ্ভাবনী উদ্যোগের তালিকা

ক্র:নং	উদ্ভাবনের নাম	উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা
০১.	স্টোর ম্যানেজমেন্ট ডাটাবেজ সফটওয়্যার চালু:	উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের অংশ হিসেবে বাংলাদেশ টেলিভিশনে স্টোর ম্যানেজমেন্ট ডাটাবেজ সফটওয়্যার চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিটিভির সমস্ত কেন্দ্র/উপকেন্দ্রের স্টোরগুলো একটি নেটওয়ার্কের আওতায় এনে ডাটাবেজ করা হলে সকল স্টোরের মালামাল সম্পর্কিত তথ্য হার্ড কপির মাধ্যমে প্রধান কার্যালয় প্রেরণের প্রয়োজন হবেনা। স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার চালু করা সম্ভব হলে কোন যন্ত্রাংশ বা মালামাল মজুদ আছে কিনা তা যাচাই করার জন্য সার্ভারে সংরক্ষিত ডাটাবেজ থেকে সহজে জানা যাবে।	স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার চালু করা হলে অনলাইনে পর্যবেক্ষণ করত: প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান দ্রুততার সাথে নিশ্চয় করা সম্ভব ও স্টোর ইনভেন্টরিসহ যন্ত্রাংশ মেরামত/সংযোজন সহজতর হবে। এছাড়া, অন্যান্য কেন্দ্র/উপকেন্দ্রগুলো প্রধান কার্যালয়ের সংরক্ষিত মালামাল সম্পর্কে অবহিত হতে পারবে এবং সে মোতাবেক চাহিদা প্রেরণ করবে।
০২.	বিটিভি পিডিএস ডাটাবেজ	বাংলাদেশ টেলিভিশনে মোট অনুমোদিত পদের বিপরীতে বর্তমানে প্রায় ১২(বার) শত কর্মকর্তা/কর্মচারী কর্মরত রয়েছে। এত অধিক সংখ্যক কর্মকর্তা/কর্মচারীর তথ্যাদি ম্যানুয়াল পদ্ধতিতে সংরক্ষণ করা দূর'হ। প্রায়শ: দাপ্তরিক প্রয়োজনে কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন তথ্যাদি প্রয়োজন হলে তাদের ব্যক্তিগত নথি ও অন্যান্য রেকর্ড যাচাই বাছাই প্রয়োজন হয় যা সময় সাপেক্ষ। এপরিপ্রেক্ষিতে, বিটিভিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত ও চাকরির তথ্যাদি পিডিএস ডাটাবেজে সংরক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	বিটিভিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত ও চাকরি সংক্রান্ত মৌলিক তথ্যাদি বিশ্লেষণ করে পিডিএস ডাটাবেজে সফটওয়্যার প্রস্তুত করা হলে অতি দ্রুত ও স্বল্প সময়ে জনবলের চাহিত তথ্য সহজে পাওয়া যাবে এবং নতুন তথ্য সংযোজিত হলে খুব সহজেই রিপোর্ট/জেনারেট করা যাবে।
০৩.	বিটিভি ভার্সুয়াল স্টুডিও	বাংলাদেশ টেলিভিশনের বর্তমান স্টুডিওগুলোতে প্রতিটি অনুষ্ঠানের জন্য সেট নির্মাণের প্রয়োজন হয়। প্রতিটি সেটের জন্য আলাদা আলাদা ব্যয় ও জনবলের প্রয়োজন হয়। বিটিভির নিজস্ব রিসোর্স ব্যবহার করে ডিজিটাল স্টুডিওগুলোকে আধুনিক ও সময় উপযোগী করার অংশ হিসেবে ভার্সুয়াল স্টুডিও নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়।	বর্তমান সময়ে বিভিন্ন সংবাদ ও অনুষ্ঠান ভার্সুয়ালি প্রচার করা হয়ে থাকে। ভার্সুয়াল স্টুডিও সুবিধার ফলে কম্পিউটার গ্রাফিক্সের মাধ্যমে প্রতিটি সেট খুব সহজেই তৈরি করা যাবে। একইসাথে ভার্সুয়াল স্টুডিওতে অনুষ্ঠান ধারণের ফলে অনুষ্ঠান নির্মাণ ব্যয় ও ধারণ সময় হ্রাস পাবে। তাছাড়া ভার্সুয়াল স্টুডিওতে নির্মিত অনুষ্ঠান আরও আধুনিক ও দৃষ্টিনন্দন হয়।





এস.এম. হারুন-অর-রশীদ  
মহাপরিচালক  
বাংলাদেশ টেলিভিশন